রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মে ৩, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/২৪ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ১১৬-আইন/২০১৮।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন 'কটন টেক্সটাইল' শিল্প সেক্টরের, অতঃপর উক্ত সেক্টর বলিয়া উল্লিখিত, শ্রমিকদের জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত, নিম্নের তফসিল 'ক' ও 'খ' তে বর্ণিত নিম্নতম মজুরীর হারকে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, উক্ত সেক্টরের শ্রমিকদের জন্য নিম্নতম মজুরীর হার হিসাবে এতদ্দ্বারা ঘোষণা করিল, যথা :—

**তফসিল "ক"**

**মাসিক মজুরীর হার**

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরীর ৭০%, জেলা শহরে মূল মজুরীর ৪০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৩৫%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | গ্রেড-১ :<br>১। হেড কার্পেন্টার<br>২। হেড ওয়েল্ডার | বিভাগীয় শহর | ৬০২০/- | ৪২১৪/- | ৫৫০/- | ৫০০/- | ১১২৮৪/- |



মূল্য : টাকা ২০.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ৩। হেড ফিটার<br>৪। হেড ইলেকট্রিশিয়ান<br>৫। হেড আর্মেচার ওয়াইন্ডার<br>৬। হেড ম্যাশন | | | | | | |
| | ৭। হেড পাইপ ফিটার<br>৮। সিনিয়র অপারেটর (উইভিং/ডাইং/স্পিনিং)<br>৯। হেড পেইন্টার<br>১০। সিনিয়র ফোরম্যান<br>১১। সিনিয়র সাইজার (উইভিং)<br>১২। সিনিয়র ফর্কলিফট অপারেটর<br>১৩। সিনিয়র ওয়ারপার (উইভিং)<br>১৪। সিনিয়র ড্রয়ারম্যান<br>১৫। হেড মেকানিক/হেড মেকানিক্যাল টেকনিশিয়ান<br>১৬। হেড মেইন্ডিং অপারেটর<br>১৭। হেড প্লাম্বার<br>১৮। হেড চিলার অপারেটর<br>১৯। হেড কম্প্রেসার অপারেটর<br>২০। হেড পাওয়ার হাউজ অপারেটর<br>২১। হেড জেনারেটর অপারেটর | জেলা শহর | ৬০২০/- | ২৪০৮/- | ৫৫০/- | ৪০০/- | ৯৩৭৮/- |
| | ২২। সিনিয়র বয়লার অপারেটর/ সিনিয়র বয়লার এটেন্ডেন্ট<br>২৩। সিনিয়র নোটিংম্যান/ সিনিয়র নোটার (উইভিং)<br>২৪। সিনিয়র কুকিং অপারেটর (উইভিং)<br>২৫। সিনিয়র ড্রেসার (উইভিং)<br>২৬। সিনিয়র লেনোববিন অপারেটর<br>২৭। সিনিয়র লিনোউইন্ডিং অপারেটর<br>২৮। সিনিয়র ফিডার (উইভিং)<br>২৯। সিনিয়র নিটিং ফিটার | উপজেলা ও অন্যান্য এলাকা | ৬০২০/- | ২১০৭/- | ৫৫০/- | ৩০০/- | ৮৯৭৭/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | গ্রেড-২ :<br>১। সিনিয়র ফিটার/ফিটার (ইউএন্ডএম)<br>২। সিনিয়র ইলেকট্রিশিয়ান<br>৩। সিনিয়র টার্নার<br>৪। সিনিয়র ইঞ্জিন অপারেটর<br>৫। বয়লার অপারেটর এটেনডেন্ট<br>৬। সিনিয়র ম্যাশন<br>৭। রানিং ফিটার<br>৮। পাইপ ফিটার<br>৯। সিনিয়র কার্পেন্টার<br>১০। সিনিয়র আর্মেচার ওয়াইন্ডার/আর্মেচার ওয়াইন্ডার (ইউএন্ডএম)<br>১১। সিনিয়র অপারেটর (ইউএন্ডএম) | বিভাগীয় শহর | ৫৫০০/- | ৩৮৫০/- | ৫৫০/- | ৫০০/- | ১০৪০০/- |
| | ১২। সিনিয়র ইন্সপেকশন অপারেটর<br>১৩। সিনিয়র মেকানিক্যাল টেকনিশিয়ান<br>১৪। ড্রেসার (উইভিং)<br>১৫। সাইজার (উইভিং)<br>১৬। বেক সাইজার (প্রিপারেটরী)<br>১৭। তাঁত ফিটার<br>১৮। তাঁতী<br>১৯। সিনিয়র মেকানিক<br>২০। ফিটার নিটিং<br>২১। সিনিয়র ইন্সপেকশন অপারেটর<br>২২। ক্লথ চেকার<br>২৩। সিনিয়র প্লাম্বার<br>২৪। সিনিয়র পেইন্টার<br>২৫। সিনিয়র মেন্ডার<br>২৬। সিনিয়র পাওয়ার হাউস অপারেটর<br>২৭। সিনিয়র মেকানিক্যাল টেকনিশিয়ান<br>২৮। সিনিয়র এসবি অপারেটর<br>২৯। সিনিয়র ল্যাদম্যান | জেলা শহর | ৫৫০০/- | ২২০০/- | ৫৫০/- | ৪০০/- | ৮৬৫০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ৩০। সিনিয়র এসি অপারেটর<br>৩১। ফর্কলিফ্ট অপারেটর<br>৩২। অপারেটর (ডাইং/উইভিং)<br>৩৩। নোটিং ম্যান/নোটার | | | | | | |
| | ৩৪। কুকিং অপারেটর (উইভিং)<br>৩৫। ওয়ার্পার (উইভিং)<br>৩৬। ফিডার (উইভিং)<br>৩৭। লেনোববিন অপারেটর<br>৩৮। লিনোউইন্ডিং অপারেটর<br>৩৯। ড্রয়ারম্যান (উইভিং)<br>৪০। সিনিয়র লুম অপারেটর<br>৪১। কালারম্যান<br>৪২। সিনিয়র ওয়েল্ডার<br>৪৩। সিনিয়র টিন স্মিথ<br>৪৪। সিনিয়র চিলার অপারেটর<br>৪৫। সিনিয়র জেনারেটর অপারেটর<br>৪৬। সিনিয়র কম্প্রেসার অপারেটর<br>৪৭। সিনিয়র অপারেটর (ইটিপি/সিআরপি/ডবুটিপি)<br>৪৮। সহকারী ফোরম্যান<br>৪৯। লোডার | উপজেলা ও অন্যান্য এলাকা | ৫৫০০/- | ১৯২৫/- | ৫৫০/- | ৩০০/- | ৮২৭৫/- |
| ৩। | <u>গ্রেড-৩ :</u><br>১। ওয়েল্ডার<br>২। ফিটার (ইউএন্ডএম)<br>৩। প্লাম্বার<br>৪। পেইন্টার<br>৫। মেন্ডার<br>৬। পাওয়ার হাউজ অপারেটর<br>৭। মেকানিক্যাল টেকনিশিয়ান<br>৮। ইঞ্জিন অপারেটর/মেশিন অপারেটর<br>৯। এসবি অপারেটর<br>১০। টার্নার | বিভাগীয় শহর | ৫২৪০/- | ৩৬৬৮/- | ৫৫০/- | ৫০০/- | ৯৯৫৮/- |
| | ১১। টিন স্মিথ<br>১২। ল্যাদম্যান<br>১৩। অপারেটর (ইটিপি/সিআরপি/ডবুটিপি)<br>১৪। অপারেটর (ইউএন্ডএম) | জেলা শহর | ৫২৪০/- | ২০৯৬/- | ৫৫০/- | ৪০০/- | ৮২৮৬/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ১৫। এসি অপারেটর<br>১৬। জুনিয়র ফর্কলিফ্ট অপারেটর<br>১৭। জুনিয়র অপারেটর (ডাইং/উইভিং/নিটিং)<br>১৮। জুনিয়র নোটিংম্যান/জুনিয়র নোটার<br>১৯। জুনিয়র কুকিং অপারেটর (উইভিং)<br>২০। জুনিয়র ওয়ার্পার (উইভিং)<br>২১। জুনিয়র ড্রেসার (উইভিং)<br>২২। কম্প্রেসার অপারেটর/ কম্প্রেসার এটেনডেন্ট<br>২৩। মেকানিক | | | | | | |
| | ২৪। আর্মেচার ওয়াইন্ডার<br>২৫। ম্যাশন<br>২৬। জেনারেটর অপারেটর<br>২৭। জুনিয়র বয়লার অপারেটর/ বয়লার এটেনডেন্ট<br>২৮। জুনিয়র ফিডার (উইভিং)<br>২৯। জুনিয়র সাইজার (উইভিং)<br>৩০। জুনিয়র লেনোববিন অপারেটর<br>৩১। জুনিয়র লিনোউইন্ডিং অপারেটর<br>৩২। জুনিয়র ড্রয়ারম্যান (উইভিং)<br>৩৩। লুম অপারেটর<br>৩৪। জুনিয়র কালারম্যান<br>৩৫। ইন্সপেকশন অপারেটর<br>৩৬। লাইনম্যান (উইভিং)<br>৩৭। সিনিয়র পাম্প অপারেটর<br>৩৮। চিলার অপারেটর<br>৩৯। ইলেকট্রিশিয়ান<br>৪০। কার্পেন্টার<br>৪১। সিনিয়র লাইনম্যান<br>৪২। জুনিয়র ফোরম্যান | উপজেলা ও অন্যান্য এলাকা | ৫২৪০/- | ১৮৩৪/- | ৫৫০/- | ৩০০/- | ৭৯২৪/- |
| ৪। | <u>গ্রেড-৪ :</u><br>১। জুনিয়র মেকানিক<br>২। জুনিয়র ইলেকট্রিশিয়ান<br>৩। জুনিয়র কার্পেন্টার<br>৪। জুনিয়র ওয়েল্ডার | বিভাগীয় শহর | ৪৭৮০/- | ৩৩৪৬/- | ৫৫০/- | ৫০০/- | ৯১৭৬/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ৫। জুনিয়র ফিটার<br>৬। জুনিয়র আর্মেচার ওয়াইন্ডার<br>৭। জুনিয়র ম্যাশন<br>৮। জুনিয়র প্লাম্বার<br>৯। জুনিয়র পেইন্টার<br>১০। জুনিয়র মেন্ডার<br>১১। জুনিয়র চিলার অপারেটর<br>১২। জুনিয়র কম্প্রেসার অপারেটর<br>১৩। জুনিয়র পাওয়ার হাউস অপারেটর | | | | | | |
| | ১৪। জুনিয়র জেনারেটর অপারেটর<br>১৫। জুনিয়র মেকানিক্যাল টেকনিশিয়ান<br>১৬। সহকারী বয়লার অপারেটর/এটেন্ডেন্ট<br>১৭। জুনিয়র ইঞ্জিন অপারেটর<br>১৮। জুনিয়র এসবি অপারেটর<br>১৯। জুনিয়র টার্নার<br>২০। জুনিয়র টিন স্মিথ<br>২১। জুনিয়র ল্যাদম্যান<br>২২। জুনিয়র অপারেটর (ইটিপি/সিআরপি/ ডবুটিপি)<br>২৩। জুনিয়র এসি অপারেটর<br>২৪। জুনিয়র অপারেটর (ইউএন্ডএম) | জেলা শহর | ৪৭৮০/- | ১৯১২/- | ৫৫০/- | ৪০০/- | ৭৬৪২/- |
| | ২৫। পাম্প অপারেটর/পাম্প ড্রাইভার<br>২৬। জুনিয়র লুম অপারেটর<br>২৭। সহকারী কালারম্যান<br>২৮। জুনিয়র ইন্সপেকশন অপারেটর<br>২৯। লাইনম্যান<br>৩০। সিনিয়র ডফার (স্পিনিং)<br>৩১। সিনিয়র প্যাকার (স্পিনিং)<br>৩২। কোনিংম্যান | উপজেলা ও অন্যান্য এলাকা | ৪৭৮০/- | ১৬৭৩/- | ৫৫০/- | ৩০০/- | ৭৩০৩/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ৩৩। ফোল্ডিংম্যান<br>৩৪। প্যাকিংম্যান<br>৩৫। স্যাম্পলম্যান<br>৩৬। বীম বাইন্ডার/বীম গেইটার (উইভিং)<br>৩৭। সিনিয়র অপারেটর (স্পিনিং)<br>৩৮। রিচারম্যান<br>৩৯। ওয়েলম্যান<br>৪০। ভীম ফিটার/বাইন্ডার | | | | | | |
| ৫। | <u>গ্রেড-৫ :</u><br>১। জবার<br>২। সহকারী মেকানিক<br>৩। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৪। সহকারী কার্পেন্টার<br>৫। সহকারী ওয়েল্ডার<br>৬। সহকারী ফিটার<br>৭। সহকারী আর্মেচার ওয়াইন্ডার<br>৮। সহকারী ম্যাশন<br>৯। সহকারী প্লাম্বার<br>১০। সহকারী পেইন্টার<br>১১। সহকারী মেন্ডার<br>১২। সহকারী চিলার অপারেটর<br>১৩। সহকারী কম্প্রেসার অপারেটর | বিভাগীয় শহর | ৪৫৮০/- | ৩২০৬/- | ৫৫০/- | ৫০০/- | ৮৮৩৬/- |
| | ১৪। সহকারী পাওয়ার হাউস অপারেটর<br>১৫। সহকারী জেনারেটর অপারেটর<br>১৬। সহকারী মেকানিক্যাল টেকনিশিয়ান<br>১৭। সহকারী ইঞ্জিন অপারেটর<br>১৮। সহকারী এসবি অপারেটর<br>১৯। সহকারী টার্নার | জেলা শহর | ৪৫৮০/- | ১৮৩২/- | ৫৫০/- | ৪০০/- | ৭৩৬২/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ২০। সহকারী টিন স্মিথ<br>২১। সহকারী ল্যাদম্যান<br>২২। সহকারী অপারেটর (ইটিপি/সিআরপি/ডবুটিপি)<br>২৩। সহকারী এসি অপারেটর<br>২৪। জুনিয়র পাম্প অপারেটর<br>২৫। সহকারী লুম অপারেটর<br>২৬। সহকারী ইন্সপেকশন অপারেটর<br>২৭। জুনিয়র লাইনম্যান<br>২৮। অপারেটর (স্পিনিং)<br>২৯। ডফার (স্পিনিং) | | | | | | |
| | ৩০। প্যাকার (স্পিনিং)<br>৩১। জুনিয়র কোনিংম্যান<br>৩২। জুনিয়র ফোল্ডিংম্যান<br>৩৩। জুনিয়র প্যাকিংম্যান<br>৩৪। জুনিয়র স্যাম্পলম্যান<br>৩৫। সহকারী বীম বাইন্ডার/ গেইটার<br>৩৬। বেকসাইজার/সাইজার<br>৩৭। ক্রীলবয়<br>৩৮। সহকারী অপারেটর (ইউএন্ডএম)<br>৩৯। সহকারী নোটিংম্যান/ সহকারী নোটার<br>৪০। সহকারী কোকিং অপারেটর<br>৪১। সহকারী ওয়ার্পার<br>৪২। সহকারী ড্রেসার<br>৪৩। সহকারী সাইজার<br>৪৪। সহকারী লিনোববিন অপারেটর<br>৪৫। সহকারী লিনোউইন্ডিং অপারেটর<br>৪৬। সহকারী ড্রয়ারম্যান<br>৪৭। সহকারী কালারম্যান | উপজেলা ও অন্যান্য এলাকা | ৪৫৮০/- | ১৬০৩/- | ৫৫০/- | ৩০০/- | ৭০৩৩/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৬। | <u>গ্রেড-৬ :</u><br>১। মেকানিক্যাল হেলপার<br>২। ইলেকট্রিক্যাল হেলপার<br>৩। কার্পেন্টার হেলপার<br>৪। ওয়েল্ডিং হেলপার<br>৫। ফিটার হেলপার<br>৬। ওয়ার্কশপ হেলপার<br>৭। ম্যাশন হেলপার | বিভাগীয় শহর | ৪৩৮০/- | ৩০৬৬/- | ৫৫০/- | ৫০০/- | ৮৪৯৬/- |
| | ৮। প্লাম্বিং হেলপার<br>৯। পেইন্টিং হেলপার<br>১০। মেইন্ডিং হেলপার<br>১১। চিলার হেলপার<br>১২। কম্প্রেসার হেলপার<br>১৩। পাওয়ার হাউস হেলপার<br>১৪। জেনারেটর হেলপার<br>১৫। বয়লার হেলপার<br>১৬। ইঞ্জিন হেলপার | জেলা শহর | ৪৩৮০/- | ১৭৫২/- | ৫৫০/- | ৪০০/- | ৭০৮২/- |
| | ১৭। হেলপার (ইটিপি/ সিআরপি/ডবুটিপি)<br>১৮। হেলপার (ইউএন্ডএম)<br>১৯। এসি হেলপার<br>২০। পাম্প হেলপার<br>২১। সহকারী পাম্প অপারেটর<br>২২। জুনিয়র অপারেটর (স্পিনিং)<br>২৩। জুনিয়র ডফার (স্পিনিং)<br>২৪। জুনিয়র প্যাকার (স্পিনিং)<br>২৫। মিক্সিংম্যান<br>২৬। টেনিং ইন্সপেকশন অপারেটর | উপজেলা ও অন্যান্য এলাকা | ৪৩৮০/- | ১৫৩৩/- | ৫৫০/- | ৩০০/- | ৬৭৬৩/- |
| ৭। | <u>গ্রেড-৭ :</u><br>১। বোরুম টেন্টার<br>২। ইউনিল্যাপ টেন্টার<br>৩। কার্ডিং টেন্টার<br>৪। কম্বিং টেন্টার | বিভাগীয় শহর | ৪২০০/- | ২৯৪০/- | ৫৫০/- | ৫০০/- | ৮১৯০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ৫। ড্রইং টেন্টার<br>৬। সিমপেক্স টেন্টার<br>৭। গ্রাইন্ডার<br>৮। স্ট্রিপার<br>৯। টেপম্যান<br>১০। ব্যাক টেন্টার<br>১১। ল্যাপ ফরমার টেন্টার<br>১২। অটোকোনার<br>১৩। সহকারী অপারেটর (স্পিনিং) | জেলা শহর | ৪২০০/- | ১৬৮০/- | ৫৫০/- | ৪০০ | ৬৮৩০/- |
| | ১৪। সহকারী ডফার (স্পিনিং)<br>১৫। সহকারী প্যাকার (স্পিনিং)<br>১৬। জুনিয়র মিক্সিংম্যান<br>১৭। কন্ডিশনম্যান<br>১৮। স্টিকারম্যান<br>১৯। চেকার<br>২০। ফ্ল্যাগার | উপজেলা ও অন্যান্য এলাকা | ৪২০০/- | ১৪৭০/- | ৫৫০/- | ৩০০/- | ৬৫২০/- |
| ৮। | <u>গ্রেড-৮ :</u><br>১। স্ক্যালম্যান<br>২। অটোক্ল্যাব অপারেটর<br>৩। ইয়ার্ন কন্ডিশন<br>৪। কোন ওয়াইন্ডার<br>৫। হিউমিডিটি অপারেটর<br>৬। ড্রেসার<br>৭। রোভিং কেরিয়ার | বিভাগীয় শহর | ৪০০০/- | ২৮০০/- | ৫৫০/- | ৫০০/- | ৭৮৫০/- |
| | ৮। ববিন/রিংকপ কেরিয়ার<br>৯। বান্ডেল কেরিয়ার<br>১০। কোন কেরিয়ার<br>১১। ইয়ার্ন কেরিয়ার<br>১২। সিনিয়র মেশিন ক্লিনার (স্পিনিং)<br>১৩। সিনিয়র ফ্লোর ক্লিনার (স্পিনিং)<br>১৪। সিনিয়র ভ্যাকুয়াম ক্লিনার | জেলা শহর | ৪০০০/- | ১৬০০/- | ৫৫০/- | ৪০০/- | ৬৫৫০/- |
| | ১৫। সিনিয়র ওয়েস্ট শর্টার<br>১৬। জুনিয়র কন্ডিশনম্যান<br>১৭। জুনিয়র ফ্ল্যাগার<br>১৮। জুনিয়র স্টিকারম্যান<br>১৯। জুনিয়র চেকার | উপজেলা ও অন্যান্য এলাকা | ৪০০০/- | ১৪০০/- | ৫৫০/- | ৩০০/- | ৬২৫০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৯। | <u>গ্রেড-৯ :</u><br>১। প্রোডাকশন হেলপার (নিটিং, ডায়িং এবং উইভিং)<br>২। মেশিন ক্লিনার<br>৩। ফ্লোর ক্লিনার<br>৪। ভ্যাকুয়াম ক্লিনার<br>৫। ওয়াস্ট সর্টার<br>৬। কোন সর্টার<br>৭। কোন চেকার<br>৮। বক্স ক্লিনার<br>৯। ববিন সর্টার<br>১০। কন্ট্রামিনেশন সর্টার<br>১১। ববিন ক্লিনার<br>১২। সহকারী ফ্ল্যাগার<br>১৩। সহকারী স্টিকারম্যান<br>১৪। সহকারী চেকার<br>১৫। ক্যান কেরিয়ার<br>১৬। কন্ডিশানম্যান | বিভাগীয় শহর | ৩৮৬০/- | ২৭০২/- | ৫৫০/- | ৫০০/- | ৭৬১২/- |
| | | জেলা শহর | ৩৮৬০/- | ১৫৪৪/- | ৫৫০/- | ৪০০/- | ৬৩৫৪/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ৩৮৬০/- | ১৩৫১/- | ৫৫০/- | ৩০০/- | ৬০৬১/- |
| ১০ | <u>গ্রেড-১০ :</u><br>১। প্রোডাকশন হেলপার (স্পিনিং)<br>২। ড্রয়ার হেলপার<br>৩। মিক্সিং হেলপার (স্পিনিং)<br>৪। হেলপার (প্রিপারেটরী)<br>৫। প্যাকিং হেলপার (স্পিনিং)<br>৬। হেলপার (উইভিং)<br>৭। তাঁতী হেলপার<br>৮। হেলপার (ফিনিশিং)<br>৯। ল্যাব হেলপার<br>১০। ওয়ারপিং হেলপার | বিভাগীয় শহর | ৩৬০০/- | ২৫২০/- | ৫৫০/- | ৫০০/- | ৭১৭০/- |
| | | জেলা শহর | ৩৬০০/- | ১৪৪০/- | ৫৫০/- | ৪০০/- | ৫৯৯০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ৩৬০০/- | ১২৬০/- | ৫৫০/- | ৩০০/- | ৫৭১০ |

- **শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :**

  (ক) শিক্ষানবিশকাল ৬ (ছয়) মাস;

  (খ) শিক্ষানবিশকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৪১০০ (চার হাজার একশত) টাকা প্রাপ্ত হইবেন; এবং

  (গ) শিক্ষানবিশকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

## তফসিল “খ”
## মাসিক মজুরীর হার

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মাসিক মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরীর ৭০%, জেলা শহরে মূল মজুরীর ৪০% এবং উপজেলা ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৩৫%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | <u>গ্রেড-১:</u><br>১। সিনিয়র ল্যাব টেকনিশিয়ান<br>২। সিনিয়র সুপারভাইজার<br>৩। সিনিয়র অফিস সহকারী<br>৪। সিনিয়র স্টোর কিপার<br>৫। সিনিয়র জেনারেল টেকনিশিয়ান<br>৬। সিনিয়র হিসাব সহকারী<br>৭। সিনিয়র মেডিক্যাল সহকারী<br>৮। সিনিয়র আইটি টেকনিশিয়ান<br>৯। সিনিয়র ফায়ারম্যান<br>১০। সিনিয়র রিস্ক ম্যানেজমেন্ট টেকনিশিয়ান<br>১১। সিনিয়র হোস্টেল সুপার<br>১২। খতিব | বিভাগীয় শহর | ৮১০০/- | ৫৬৭০/- | ৫৫০/- | ৫০০/- | ১৪৮২০/- |
| | | জেলা শহর | ৮১০০/- | ৩২৪০/- | ৫৫০/- | ৪০০/- | ১২২৯০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ৮১০০/- | ২৮৩৫/- | ৫৫০/- | ৩০০/- | ১১৭৮৫/- |
| ২। | <u>গ্রেড-২:</u><br>১। অফিস সহকারী<br>২। হিসাব সহকারী/একাউন্টস ক্লার্ক<br>৩। ক্যাশিয়ার<br>৪। পেশ ইমাম<br>৫। স্টোর কিপার<br>৬। সিনিয়র ল্যাব সহকারী/ ল্যাব টেকনিশিয়ান<br>৭। কম্পিউটার অপারেটর<br>৮। সিনিয়র ড্রাইভার<br>৯। সুপারভাইজার (সকল বিভাগ)<br>১০। সিনিয়র আরএন্ডডি সহকারী | বিভাগীয় শহর | ৬৫৪০/- | ৪৫৭৮/- | ৫৫০/- | ৫০০/- | ১২১৬৮/- |
| | | জেলা শহর | ৬৫৪০/- | ২৬১৬/- | ৫৫০/- | ৪০০/- | ১০১০৬/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ১১। আইটি টেকনিশিয়ান<br>১২। জেনারেল টেকনিশিয়ান<br>১৩। ফায়ারম্যান<br>১৪। মেডিক্যাল সহকারী<br>১৫। সিনিয়র লেডী হাউস কীপার<br>১৬। সিনিয়র লাইব্রেরী সহকারী<br>১৭। রিস্ক ম্যানেজমেন্ট টেকনিশিয়ান<br>১৮। সিনিয়র ক্রয়/বিক্রয় সহকারী<br>১৯। সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর<br>২০। হোস্টেল সুপার | উপজেলা ও অন্যান্য এলাকা | ৬৫৪০/- | ২২৮৯/- | ৫৫০/- | ৩০০/- | ৯৬৭৯/- |
| ৩। | <u>গ্রেড-৩:</u><br>১। সিনিয়র ক্লার্ক<br>২। সহকারী শিক্ষক (মক্তব)<br>৩। ড্রাইভার<br>৪। সহকারী ইমাম<br>৫। ল্যাব সহকারী<br>৬। টাইম কিপার<br>৭। সহকারী সুপারভাইজার<br>৮। স্টোর সহকারী<br>৯। এডমিন সহকারী<br>১০। ক্রয়/বিক্রয় সহকারী | বিভাগীয় শহর | ৫৫০০/- | ৩৮৫০/- | ৫৫০/- | ৫০০/- | ১০৪০০/- |
| | ১১। মুয়াজ্জিন<br>১২। সহকারী ল্যাব টেকনিশিয়ান<br>১৩। আর এন্ড ডি সহকারী<br>১৪। সহকারী জেনারেল টেকনিশিয়ান (এডমিন)<br>১৫। জুনিয়র মেডিক্যাল সহকারী<br>১৬। লেডী হাউস কীপার<br>১৭। লাইব্রেরি সহকারী<br>১৮। সিনিয়র কুক<br>১৯। সিনিয়র ডেলিভারীম্যান | জেলা শহর | ৫৫০০/- | ২২০০/- | ৫৫০/- | ৪০০/- | ৮৬৫০/- |
| | ২০। সিনিয়র লিফটম্যান<br>২১। সহকারী আইটি টেকনিশিয়ান<br>২২। সহকারী রিস্ক ম্যানেজমেন্ট টেকনিশিয়ান | উপজেলা ও অন্যান্য এলাকা | ৫৫০০/- | ১৯২৫/- | ৫৫০/- | ৩০০/- | ৮২৭৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ২৩। সিনিয়র বেবী সিটার<br>২৪। ডাটা এন্ট্রি অপারেটর<br>২৫। সিনিয়র ফটোকপি মেশিন অপারেটর<br>২৬। সহকারী হোস্টেল সুপার<br>২৭। ডেলীভারীম্যান | উপজেলা ও অন্যান্য এলাকা | ৫৫০০/- | ১৯২৫/- | ৫৫০/- | ৩০০/- | ৮২৭৫/- |
| ৪। | **গ্রেড-৪:**<br>১। জুনিয়র ক্লার্ক/অফিস ক্লার্ক<br>২। জমাদার (নিরাপত্তা)<br>৩। বাবুর্চী<br>৪। জুনিয়র ল্যাব সহকারী<br>৫। রিস্ক ম্যানেজমেন্ট হেলপার | বিভাগীয় শহর | ৪৪৬০/- | ৩১২২/- | ৫৫০/- | ৫০০/- | ৮৬৩২/- |
| | ৬। এইড নার্স<br>৭। জুনিয়র লেডী হাউস কীপার<br>৮। ওয়েলফেয়ার হেলপার<br>৯। কাভার্ডভ্যান হেলপার<br>১০। ডেলিভারী হেলপার<br>১১। সিনিয়র ল্যাববয়/সিনিয়র গার্ল<br>১২। সিনিয়র মেস ওয়েটার<br>১৩। বেবী সিটার | জেলা শহর | ৪৪৬০/- | ১৭৮৪/- | ৫৫০/- | ৪০০/- | ৭১৯৪/- |
| | ১৪। ফটোকপি মেশিন অপারেটর<br>১৫। লিফটম্যান<br>১৬। সেলসম্যান<br>১৭। স্টাফবাস হেলপার<br>১৮। আর এন্ড ডি হেলপার<br>১৯। আইটি এসিসটেন্ট | উপজেলা ও অন্যান্য এলাকা | ৪৪৬০/- | ১৫৬১/- | ৫৫০/- | ৩০০/- | ৬৮৭১/- |
| ৫। | **গ্রেড-৫:**<br>১। পিয়ন<br>২। সহকারী বাবুর্চি | বিভাগীয় শহর | ৩৯৪০/- | ২৭৫৮/- | ৫৫০/- | ৫০০/- | ৭৭৪৮/- |
| | ৩। ল্যাব বয়/ল্যাব গার্ল<br>৪। সিকিউরিটি গার্ড<br>৫। জুনিয়র আইটি এ্যাসিসটেন্ট<br>৬। মেডিকেল হেলপার<br>৭। টেলিফোন এটেনডেন্ট<br>৮। স্টোর বয়/স্টোর এটেনডেন্ট<br>৯। স্টোর হেলপার | জেলা শহর | ৩৯৪০/- | ১৫৭৬/- | ৫৫০/- | ৪০০/- | ৬৪৬৬/- |
| | ১০। মেসেঞ্জার<br>১১। টি-বয়<br>১২। মেস ওয়েটার | উপজেলা ও অন্যান্য এলাকা | ৩৯৪০/- | ১৩৭৯/- | ৫৫০/- | ৩০০/- | ৬১৬৯/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ১৩।সিনিয়র গার্ডেনার<br>১৪। মেস বয়/অফিস বয়<br>১৫।মেসিয়ার/হোস্টেল সহকারী<br>১৬।গার্ডেনার<br>১৭। জেনারেল ওয়ার্কম্যান | উপজেলা ও অন্যান্য এলাকা | ৩৯৪০/- | ১৩৭৯/- | ৫৫০/- | ৩০০/- | ৬১৬৯/- |
| ৬। | <u>গ্রেড-৬:</u><br>১। সহকারী গার্ডেনার<br>২। ক্লাব এটেনডেন্ট<br>৩। ক্লিনার<br>৪। সুইপার/ঝাড়ুদার<br>৫। কাউ বয় | বিভাগীয় শহর | ৩৬০০/- | ২৫২০/- | ৫৫০/- | ৫০০/- | ৭১৭০/- |
| | | জেলা শহর | ৩৬০০/- | ১৪৪০/- | ৫৫০/- | ৪০০/- | ৫৯৯০/- |
| | | উপজেলা ও অন্যান্য এলাকা | ৩৬০০/- | ১২৬০/- | ৫৫০/- | ৩০০/- | ৫৭১০/- |

- **শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে:**

(ক) শিক্ষানবিশিকাল ৬ (ছয়) মাস;

(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৪,১০০ (চার হাজার একশত) টাকা প্রাপ্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

**শর্তাবলী :**

১। তফসিল 'ক' ও 'খ' এ উল্লিখিত এই নিম্নতম মজুরীর হার সমগ্র বাংলাদেশের "কটন টেক্সটাইল" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে;

২। তফসিলে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ উক্ত সেক্টরে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত হইবে;

৩। তফসিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া তাহার মজুরী নির্ধারণ করিতে হইবে;

৪। কোনো শ্রমিকের বর্তমানে প্রাপ্ত মজুরীর সহিত এই প্রজ্ঞাপনে উল্লিখিত মজুরী যোগ করিয়া নূতনভাবে মজুরী নির্ধারণ করিতে হইবে;

৫। কোনো শ্রমিককে তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না;

৬। এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস ও শ্রেণি বিভাগ অনুযায়ী শ্রমিকগণকে যথাযথ গ্রেডে সন্নিবেশিত করিয়া তাহার প্রাপ্য মজুরী রেজিস্টারভুক্তকরতঃ মজুরী স্লিপ প্রদান করিবেন;

৭। উক্ত সেক্টরের কোনো শ্রমিককে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা অধিক হারে মজুরী প্রদান করা হইলে উহা কোনোক্রমেই হ্রাস করা যাইবে না;

৮। উক্ত সেক্টরের শ্রমিকগণ এবং নিয়োগকর্তা বা মালিকপক্ষের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিককে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারের অধিক হারে মজুরী নির্ধারণ ও প্রদান করা যাইবে;

৯। কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে উক্ত সেক্টরে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইলে তিনিও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী 'শ্রমিক' হিসাবে গণ্য হইবেন। কোনো ঠিকাদার কোনো শ্রমিককে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কোনক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না। উক্ত সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য মজুরী প্রাপ্তির ক্ষেত্রে কোনো সমস্যার সম্মুখীন হইলে তাহার দায়-দায়িত্ব সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে;

১০। উক্ত সেক্টরে শ্রমিক সরবরাহ বা নিয়োগের জন্য নিয়োজিত ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান অনুযায়ী উক্ত সেক্টরের মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন;

১১। উক্ত সেক্টরের মালিক যদি কোনো শ্রমিককে ফুরণ ভিত্তিক (Piece Rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তাহা হইলে এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত শ্রমিককে নির্দিষ্ট গ্রেডভুক্ত করিয়া নির্ধারিত নিম্নতম মজুরী প্রদান করিতে হইবে;

১২। নির্ধারিত নিম্নতম মজুরী ও ভাতাদি ছাড়াও যদি উক্ত সেক্টরের কোনো শ্রমিক অব্যাহতভাবে কোনো অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা হইলে উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক ধারাবাহিকভাবে বলবৎ ও অব্যাহত থাকিবে;

১৩। উক্ত সেক্টরের শ্রমিকগণ এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে প্রতি বৎসর মূল মজুরীর ৫% (শতকরা পাঁচ ভাগ হারে) বার্ষিক মজুরী বৃদ্ধির সুবিধা পাইবেন এবং সংশ্লিষ্ট মালিক উহা প্রদান করিতে বাধ্য থাকিবেন;

১৪। উক্ত সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রাপ্য হইবেন;

১৫। উক্ত সেক্টরের মালিক যদি কোনো শ্রমিকের পরিবারের জন্য আবাসন সুবিধা প্রদান করিয়া থাকেন, তাহা হইলে সেইক্ষেত্রে উক্ত আবাসন সুবিধা গ্রহণকারী শ্রমিকের ক্ষেত্রে বাড়ী ভাড়া ভাতা প্রযোজ্য হইবে না; এবং

১৬। উপরোক্ত শর্তাবলীর কোনো অংশ প্রচলিত কোনো আইন বা বিধিমালার সহিত সাংঘর্ষিক হইলে, উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ,টি,এম সাইফুল ইসলাম**
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd